# সোপিরেট বার্তা

সোসাইটি ফর প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন রিসার্চ ইভ্যালুয়েশন এন্ড ট্রেনিং "সোপিরেট" এর একটি ষাম্মাসিক প্রকাশনা

চতুর্থ বর্ষ
সংখ্যা ১০ম
"জুলাই - ডিসেম্বর"
২০২১


এক নজরে

সোপিরেট-বার্তা ১০ম সংখ্যা।

- ১৫ই আগষ্ট জাতীয় শোক দিবসে সোপিরেট কর্তৃক বাস্তবায়নকৃত কার্যক্রম সমূহ।
- ১৮ই অক্টোবর শেখ রাসেল দিবস উদযাপন উপলক্ষ্যে সোপিরেট কর্তৃক আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিল।
- সোপিরেট কর্তৃক বাস্তবায়িত সাসটেইনবল এন্টার প্রাইজ প্রজেক্ট।
- প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে গৃহীত কর্মসূচি।
- স্কুল-কলেজগামী কিশোর-কিশোরীদের শারীরিক ও মানসিক বিকাশে গৃহীত কৈশোর কর্মসূচি।

## মুখবন্ধ



সময়ের পরিক্রমায় সোপিরেট বার্তা এর চতুর্থ বর্ষ, ১০ম সংখ্যা (জুলাই-ডিসেম্বর ২০২১) প্রকাশ হতে যাচ্ছে জেনে উন্নয়ন এর অংশীদার হিসেবে অনুপ্রেরণা বোধ করছি। দরিদ্র জনগোষ্ঠীকে বিশেষ করে মহিলাদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী ও ক্ষমতায়নের লক্ষ্যে ১৯৮৫ সাল থেকে সোপিরেট তার গঠনমূলক আর্থ-সামাজিক কর্মকান্ড দরিদ্র জনগণের প্রয়োজন অনুযায়ী পরিচালিত করে আসছে। বর্তমানে সংস্থাটি লক্ষ্মীপুর, চাঁদপুর, কুমিল্লা, নোয়াখালী ও ফেনী জেলার মোট ২২ টি উপজেলায় স্বাস্থ্য, শিক্ষা, সমৃদ্ধি ও ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান রেখেছে। বিকাশমান আর্থ-সামাজিক পরিবর্তিত পরিস্থিতিতে সোপিরেট তার চলমান উন্নয়ন কর্মকান্ডের পাশাপাশি জুলাই ২০১৭ সাল থেকে স্কুল-কলেজের কিশোর-কিশোরীদের জন্য "সামাজিক ও সাংস্কৃতিক কর্মকান্ড" এবং সমাজের পিছিয়ে পড়া প্রবীণদের জন্য "প্রবীণ জনগোষ্টির জীবন মান উন্নয়ন কর্মসূচি" এবং ২০২০ সাল থেকে কৈশোর কর্মসুচির আওতায় ক্লাব ভিত্তিক কার্যক্রম" চালু করেছে। সোপিরেট তার চলমান কর্মকান্ড ক্রম বিকাশের মাধ্যমে (নভেম্বর ২০২১ইং পর্যন্ত) মোট ১০,০৮,১৫,৫৬,০০০ টাকা দরিদ্র জনগোষ্ঠির মধ্যে বিতরণ করেছে। সংস্থা (নভেম্বর ২০২১ইং পর্যন্ত) মোট ১০,৬৩,৪৮,৫৩,২৪৮ টাকা আদায় করেছে, ক্রমপুঞ্জিভুত আদায়ের হার ৯৮.৯৯%। বর্তমানে সংস্থার ঋণ স্থিতি ১,০০,৫১,৫৫,৩৭৩ (আসল) এবং বর্তমান বকেয়া ৯,২৫,৩৪,৮৫১ (আসল) টাকা। সংস্থার মোট সদস্য ৪১,৭৪৪ (যার মধ্যে ১,১৫৩ জন পুরুষ এবং ৪০,৫৯১ জন মহিলা)। মোট ঋণী ৩১,৯৫৩ ( ৮৬০ জন পুরুষ ও ৩১,০৯৩ জন মহিলা)। সংস্থা অত্র অঞ্চলের সুবিধাবঞ্চিত মানুষের জীবনমান উন্নয়নে বদ্ধপরিকর। আশাকরি সোপিরেট এর আগামী পথচলায় সংস্থার মুখপাত্র হিসেবে "সোপিরেট বার্তা" তার সাবলীল প্রকাশনা অব্যাহত রাখতে সক্ষম হবে। --অধ্যাপক ড. এম. মোসলেহ্ উদ্দীন, প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক।

## ১৫ই আগষ্ট জাতীয় শোক দিবসে সোপিরেট কর্তৃক বাস্তবায়নকৃত কার্যক্রম সমূহ

গত ১৫ই আগষ্ট স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদৎ বার্ষিকীতে "জাতীয় শোক দিবস ২০২১" উপলক্ষ্যে সোপিরেট ব্যপক কার্যক্রম গ্রহন করে। কার্যক্রম সমূহের মধ্যে জাতীয় পতাকা অর্ধনমিত ভাবে উত্তোলন, জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, জুম ভিডিও কনফারেন্স এর মাধ্যমে আলোচনা সভা ও দোয়ার মাহফিল অনুষ্ঠিত হয়। এ ছাড়াও সোপিরেট প্রকল্প প্রধান কার্যালয় সহ ৪০ টি শাখায় ড্রফ ডাউন ব্যনার প্রদর্শন, সোপিরেট কর্তৃক পরিচালিত আলতাফুন্নেছা হাফেজিয়া মাদ্রাসায় পবিত্র কোরআন খানি ও দোয়া, বিনামূল্যে কোভিড-১৯ টিকা কার্যক্রমের জন্য নিবন্ধন এবং সোপিরেট প্রকল্প প্রধান কার্যালয় ও চল্লিশ শাখায় বৃক্ষরোপন কার্যক্রম পরিচালনা করা হয়।





চিত্রঃ সোপিরেট কার্যালয়ে অর্ধনমিত পতাকা ও ড্রফ ডাউন ব্যানার প্রদর্শন।




চিত্রঃ জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।



চিত্রঃ অধ্যাপক এম মোসলেহ্ উদ্দীন নির্বাহী পরিচালক সোপিরেট জুম ভিডিও কনফারেন্স এ আলোচনা সভায় বক্তব্য দিচ্ছেন।



চিত্রঃ জনাব মোঃ নুরুল ইসলাম পাটওয়ারী উপপরিচালক সমাজসেবা, জুম ভিডিও কনফারেন্স এ আলোচনা সভায় বক্তব্য দিচ্ছেন।

## ১৮ই অক্টোবর শেখ রাসেল দিবস উদযাপন উপলক্ষ্যে সোপিরেট কর্তৃক আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিল

শেখ রাসেল ৫৭তম জন্ম বার্ষিকীতে সোপিরেট কর্তৃক আয়োজিত জুম ভিডিও কনফারেন্স এর মাধ্যমে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। পবিত্র কোরাআন তেলাওয়াতের মধ্যে দিয়ে সভার কার্যক্রম শুরু হয়। অনুষ্ঠানটির সভপতিত্ব করেন সোপিরেট এর নির্বাহী পরিচালক অধ্যাপক এম মোসলেহ্ উদ্দীন। স্বাগত বক্তব্যে সোপিরেট এর ডেপুটি কো-অর্ডিনেটর খালেদ মোহাম্মদ সাইফুল্লাহ্ বলেন শেখ রাসেল তৎকালিন পূর্ব পাকিস্তানের ঢাকা অঞ্চলের ধানমন্ডিতে ৩২ নম্বর বঙ্গবন্ধু ভবনে ১৮ ই অক্টোবর. ১৯৬৪ সালে জন্মগ্রহন করেন কিন্তু ১৫ ই আগষ্ঠ ১৯৭৫ ইং ঘাতকের নির্মম আঘাতে শহীদ হন। উন্মুক্ত আলোচনায় সোপিরেট এর ৪০ শাখার কর্মীবৃন্দ শেখ রাসেলকে স্মরণ করেন। সব শেষে অনুষ্ঠানের সভাপতি শেখ রাসেলের বিদেহী আত্নার মাগফেরাত কামনা করেন এবং ১৫ ই আগষ্ঠে নির্মম হত্যাকান্ডে নিহত বঙ্গবন্ধু পরিবারের সকল সদস্যকে স্মরণ করে বলেন, আল্লাহ যেন তাদেরকে বেহশতবাসী করেন।



চিত্রঃ আলোচনা সভা ও দোয়ার মাহফিলে উপস্থিত সোপিরেটের কর্মকর্তা ও কর্মচারী বৃন্দ।

## সোপিরেট কর্তৃক বাস্তবায়িত সাসটেইনবল এন্টার প্রাইজ প্রজেক্ট (এসইপি) প্রকল্প পরিচিতি কর্মশালা

সোপিরেট ও পিকেএসএফ এর যৌথ উদ্যোগে এসইপির প্রকল্প পরিচিতি কর্মশালার আয়োজন করা হয়। সাধারণত যন্ত্রের পরিবর্তে হাত ব্যবহার করে ঐতিহ্যগত পদ্ধতিতে দক্ষতার সাথে তৈরী সামগ্রী উৎপাদন এবং পরিবেশ বান্দব ও টেকসই উন্নয়ন নিশ্চিত করাই হচ্ছে এ প্রকল্পের উদ্দেশ্য। এ শিল্পে নিয়োজিত উদ্যোক্তা ও কারিগরদের কারিগরী দক্ষতা প্রদান ও সচেতনতা বৃদ্ধির মাধ্যমে নারিকেল, সুপারী ও হোগলাপাতা সংশ্লিষ্ট হস্তশিল্পের কারখানায় উৎপাদন পর্যায়ে বিভিন্ন পরিবেশগত টেকসই চর্চার অনুশীলন নিশ্চিত করণের মাধ্যমে, লক্ষীপুর ও নোয়াখালী জেলায় হস্তশিল্পের মানোন্নয়নে বিশ্ব ব্যাংক এবং পল্লী কর্ম- সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)- এর অর্থায়নে, গত জানুয়ারী, ২০২১ ইং তারিখ হইতে Sustainable Enterprise Project (SEP) প্রকল্পের অর্থনৈতিক কর্মকান্ড (সাবসেক্টর) এর আওতায় দুই (০২) বছর মেয়াদি "বাংলাদেশের দক্ষিণ পূর্বাঞ্চলে (লক্ষীপুর ও নোয়াখালী জেলায়)হস্তশিল্প কেন্দ্রিক উদ্যোক্তা উন্নয়ন " - Promotion of Natural Ingredient Made Handicrafts Entrepreneurship in the South-Eastern Region of Bangladesh'-শীর্ষক উপ-প্রকল্পটি সোপিরেট সংস্থা বাস্তবায়ন করছে।


চিত্রঃ এসইপি'র প্রকল্প পরিচিতি কর্মশালা


চিত্রঃ এসইপি'র প্রকল্প পরিচিতি কর্মশালা

## প্রবীণ জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন কর্মসূচির আওতায় প্রবীণদের স্বাস্থ্য সেবা প্রদান

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের আর্থিক সহায়তায় সোপিরেট কর্তৃক বাস্তবায়িত লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ উপজেলার ২ নং নোয়াগাঁও ইউনিয়নে "সোপিরেট প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির" আওতায় অসহায় ও অস্বচ্ছল সুবিধা বঞ্চিত প্রবীণদের মাঝে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। **কোভিড-১৯ মহামারীর সময় প্রবীণদের কে সম্পূর্ণ বিনামূল্যে প্রতিনিয়ত স্ট্যাটিক ক্লিনিক, স্যাটেলাইট ক্লিনিক ও স্বাস্থ্য ক্যাম্প আয়োজনের মাধ্যমে বিভিন্ন ধরনের স্বাস্থ্য সেবা প্রদান করা সহ সম্পূর্ণ বিনামূল্যে ঔষধ সরবরাহ করা হয়।** মূলতঃ সোপিরেট ২ নং নোয়াগাঁও ইউনিয়নে যে সকল প্রবীণগণ তাদের পরিবার কর্তৃক অবহেলিত তাদের জীবন মান উন্নয়নে কাজ করে যাচ্ছে। কেননা এই প্রবীণরা তাদের অভিজ্ঞতালব্ধ জ্ঞান দিয়ে আমাদের সমাজকে সমৃদ্ধ করেছে।


ছবিঃ **প্রবীণদের স্বাস্থ্য সেবা প্রদান করছেন বিশেষজ্ঞ ডাক্তার।**

# ২ নং নোয়াগাঁও ইউনিয়নে সমৃদ্ধি কর্মসূচির আওতায় শিক্ষার্থীদের শিক্ষবৃত্তির অর্থ প্রদান




ছবিঃ ছাত্র/ছাত্রীদের শিক্ষাবৃত্তির অর্থ প্রদান।

সোপিরেট ও পিকেএসএফ এর যৌথ আর্থিক সহযোগিতায় ও সোপিরেটের বাস্তবায়নে " সমৃদ্ধি কর্মসূচির আওতায় ২নং নোয়াগাঁও ইউনিয়নে" ছাত্রদের শিক্ষবৃত্তির জন্য অর্থ প্রদান ,একটি বিশেষ অধ্যায়ের সূচনা । ২০ জন ছাত্র/ছাত্রীকে ১২০০০*২০ = ২,৪০,০০০ টাকা প্রদান করা হয়।

ছাত্রদের শিক্ষবৃত্তির জন্য অর্থ প্রদান উদ্দেশ্য হলো তাদের আর্থসামাজিক উন্নয়ন,সামাজিক সুরক্ষা নিশ্চিতকরন এবং পরিবার ও সমাজে মর্যাদা বৃদ্ধি করা,তাদেরকে সমাজে প্রতিষ্ঠা করা । ২নং নোয়াগাঁও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব মোহাম্মদ হোসেন রানা, ওয়ার্ড মেম্বার গণ, কর্মসূচীর গ্রাম,ওয়ার্ড ও ইউনিয়ন প্রবীণ কমিটির সদস্যবৃন্দ .সংস্থার সহকারী কো-অর্ডিনেটর জনাব আবুল কালাম আজাদ, জোনাল ম্যানেজার জনাব আব্দুস সালাম সহ উর্ধ্বতন কর্মকর্তাগন উপস্থিত ছিলেন।




ছবিঃ ছাত্র/ছাত্রীদের শিক্ষাবৃত্তির অর্থ প্রদান।

# সোপিরেট ও পিকেএসএফ যৌথ উদ্যোগে ৩১তম আর্ন্তজাতিক প্রবীণ দিবস উদযাপন




চিত্রঃ প্রবীণ দিবসের আলোচনা সভা ও র‍্যালী।

বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও (১ অক্টোবর ২০২১খ্রিঃ ) উদযাপিত হয় ৩১তম আর্ন্তজাতিক প্রবীণ দিবস। চতুর্থ শিল্প বিপ্লবকে সামনে রেখে সকল বয়স ও শ্রেণি-পেশার জনগণের জন্য ডিজিটাল সমতার ওপর গুরুত্ব দিয়ে দিবসটি পালিত হয়। এ বছর প্রবীণ দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে 'ডিজিটাল সমতা সকল বয়সের প্রাপ্যতা"। সোপিরেট সমৃদ্ধি কর্মসূচি লাহারকান্দি ইউনিয়ন পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহায়তায় দিবটি পালন উপলক্ষে অক্টোবর ০২, ২০২১ খ্রিঃ রোজ শনিবার পিকেএসএফ হতে প্রাপ্ত নির্দেশনার আলোকে আলোচনা সভা ও র‍্যালী'র আয়োজন করে। সভায় আলোচক গন প্রবীণ কল্যাণের জন্য সরকারী নানামূখী পদক্ষেপ সহ সোপিরেট এর বিভিন্ন কার্যক্রম নিয়ে আলোচনা করেন। ঐদিন প্রবীণদের বিনা মূল্যে রক্তচাপ নিরূপন ও ডায়াবেটিক এর মাত্রা পরিমাপ করা হয়।




চিত্রঃ প্রবীণ দিবসের আলোচনা সভা ও র‍্যালী।

# স্কুল-কলেজগামী কিশোর-কিশোরীদের শারীরিক ও মানসিক বিকাশে গৃহীত কৈশোর কর্মসূচি

সোপিরেট ও পিকেএসএফ এর যৌথ আর্থিক সহযোগিতায় লক্ষ্মীপুর জেলায় কৈশোর কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। এই কর্মসূচির আওতায় ৮ টি কিশোরী ও ৬ টি কিশোর ক্লাব গঠিত হয়েছে। এই কর্মসূচি'র আওতায় ক্লাবগুলো কার্যতঃ তৃণমূল পর্যায়ে ব্যক্তি, পরিবার ও সমাজে কাঙ্ক্ষিত মূল্যবোধের উন্নয়ন ও সামাজিক অবক্ষয় রোধে উপযুক্ত কর্মকাণ্ডের পাশাপাশি স্বাস্থ্য ও পরিবেশ সুরক্ষায় বিভিন্ন উদ্যোগ গ্রহণের মাধ্যমে টেকসই উন্নয়নের ভিত্তি শক্তিশালীকরণে দৃশ্যমান অবদান রাখবে। পর্যায়ক্রমে প্রতিটি ক্লাব একটি উন্নয়ন প্লাটফরম হিসেবে প্রাতিষ্ঠানিক আদলে কাজ করবে।





চিত্রঃ সাপ্তাহিক মিটিং এ অংশগ্রহনকৃত বাইশমার কিশোরী ক্লাব ও দিঘলী কিশোর ক্লাবের সদস্য বৃন্দ।

## লামচরী কিশোর ও সমসেরাবাদ কিশোরী ক্লাবের সদস্যদের অংশগ্রহনে শেখ রাসেল দিবস উদযাপন

'শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস, অদম্য আত্নবিশ্বাস' এই প্রতিপাদ্যাকে সামনে রেখে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৮ তম জন্মবার্ষিকী উপলক্ষে সোপিরেট কৈশোর কর্মসূচির আওতায় লামচরী কিশোর ও সমসেরাবাদ কিশোরী ক্লাবের সদস্যদের অংশগ্রহনে এক আলোচনা সভা, রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

শেখ রাসেল আজ আমাদের মাঝে নেই, ১৯৭৫ সালের ১৫ ই আগষ্ট বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের অন্য সদস্যদের সঙ্গে শেখ রাসেলকেও হত্যা করা হয়। শিশু শেখ রাসেলের অকাল প্রয়াণে শোক-দুঃখ কোনদিন শেষ হওয়ার নয়।




চিত্রঃ শেখ রাসেলের দিবস উদযাপন উপলক্ষে উপস্থিত লামচরী কিশোর ক্লাব ও সমসেরাবাদ কিশোরী ক্লাবের সদস্যরা।

## আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস -২০২১ উদযাপন



চিত্রঃ র‍্যালিতে অংশগ্রহনকৃত কিশোর ও কিশোরী ক্লাবের সদস্যরা।

'আপনার আধকার আপনার কর্তব্য দুর্নীতিকে না বলুন' এই প্রতিপাদ্যকে সামনে রেখে গত ০৯ই ডিসেম্বর ২ টি কিশোর ও ৩ টি কিশোরী ক্লাব সদস্য এবং সমৃদ্ধি কর্মসূচির লাহারকান্দি ইউনিয়ন এর যুব সমাজের অংশগ্রহনে এক বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হয়। র‍্যালিটি সোপিরেট প্রকল্প প্রধান কার্যালয় থেকে সকাল ১০:০০ ঘটিকা সময়ে যাত্রা শুরু করে জেলা শহরের দাক্ষিন তেমুহনী ট্রাফিক চত্তর ঘুরে সোপিরেট প্রকল্প প্রধান কার্যালয়ে এসে যাত্রা শেষ করে। র‍্যালিতে কয়েকজন অভিবাবক সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কয়েকজন শিক্ষক ও অংশ নেন। জাতিসংঘ ২০০৩ সালে ৯ ডিসেম্বরকে দুনীতি বিরোধী দিবস ঘোষনা করে। সে হিসেবে এবার ১৯তম আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস। জাতিসংঘ সারা বিশ্বকে দুর্নীতির বিরুদ্ধে ঐক্যবদ্ধ করার লক্ষ্যেই ইউনাইটেড ন্যাশনস কনভেনশন অ্যাগেইনেষ্ট করাপশনের (আনকাক) মাধ্যমে ২০০৭ সাল থেকে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস পালন শুরু করে। র‍্যালিতে অংশগ্রহন কারীরা সোপিটে সংস্থা ও পিকেএসএফ-এর নাম ও লোগো সম্বলিত ব্যানার বহন করে।



চিত্রঃ র‍্যালিতে অংশগ্রহনকৃত কিশোর ও কিশোরী ক্লাবের সদস্যরা।

## অসহায় দরিদ্র শীতার্থদের মাঝে কম্বল বিতরণ



চিত্রঃ দরিদ্র পীড়িত জনগণের মধ্যে কম্বল বিতরণ।

গত ২০ শে ডিসেম্বর ২০২১ ইং সোপিরেটের উদ্যোগে অসহায় ও দুস্থদের মাঝে শীত বস্ত্র হিসেবে কম্বল বিতরণ করা হয়। সোপিরেট অত্র অঞ্চলের সুবিধা বঞ্চিত জনগণের ভাগ্য পরিবর্তনে বিশেষ করে আর্থিক অবস্থার পরিবর্তনে নিরলস ভাবে কাজ করে যাচ্ছে সংস্থার উধ্বর্তন কর্মকর্তাগনের উপস্থিতিতে প্রায় ২০০ জন দরিদ্র পীড়িত জনগণের মধ্যে কম্বল বিতরণ করা হয়।




চিত্রঃ দরিদ্র পীড়িত জনগণের মধ্যে কম্বল বিতরণ।

**সম্পাদক ও প্রকাশক: মুঃ মাকছুদ আলম, সিনিয়র কর্মসূচি কর্মকর্তা, কৈশোর কর্মসূচি, সোপিরেট।**

**প্রধান কার্যালয়:সিলকন ভিলা, এ্যাপার্টমেন্ট # সি /৯০৩, ৮/১, সেগুন বাগিচা, শাহাবাগ, ঢাকা-১০০০, ফোনঃ ০২-২২৩৮২৩৮৮, মোবাইলঃ ০১৭০৯-৯৩৩২৪০, ই-মেইল: sopiretdhaka@gmail.com,**

***প্রকল্প প্রধান কার্যালয়: শেখ রাসেল সড়ক, সমশেরাবাদ, লক্ষীপুর সদর, লক্ষীপুর, ফোন: ০২৩৩-৪৪৪২০৫৩, ই-মেইল:* sopiret@gmail.com**

Website: www.sopiretbangladesh.org.bd